উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৬ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোহাম্মদ শাহজাহান **,** প্রশাসক**,** উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ।
সভারস্থান: : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শান্তিগঞ্জ।
সভার তারিখ : ২৭ জানুয়ারি, ২০২৬
সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,শান্তিগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষ কে জানাতে হয়। এমতাবস্থায়, সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না। ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবেনা এবং জটিলতা দেখা দিবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী গঠন করা হয়েছে। নিয়মিত স্থায়ী কমিটির সভাসমূহ পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন</th></tr>
<tr><td>১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন</td><td>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কিনা সভায় জানতে চাওয়া হয়।</td><td>সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে. কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ/অনুমোদিত হয়।<br>বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ।</td></tr>
<tr><td>২. ব্যয়ের হিসাব</td><td>বিগত মাসের উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br><br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলেরব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়।
<table>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২৬ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ</td><td>৫০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২৬ মাসের মাসিক,আপ্যায়ন ও অন্যান্য বিল ভ্যাটসহ</td><td>২৩,৭৯০/-</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ কার্যালয়ের ডিসেম্বর/২০২৬ মাসের ইন্টারনেট বিল</td><td>৩৫০/-</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৬ মাসের মজুরি । (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের)</td><td>১৫,৪০০/-</td></tr>
<tr><td>০৫</td><td>জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৬ মাসের মজুরি বিল। (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের)</td><td>১৫,৪০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৬ মাসের মজুরি। (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের)</td><td>১৫,৪০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, শান্তিগঞ্জ এর ডিসেম্বর/২০২৬ মাসের মজুরি (সরকারি সিদ্ধান্তমতে ৭০০ টাকা হারে ২২ দিনের)</td><td>১৫,৪০০/-</td></tr>
</table></td><td></td></tr>
</table>

বিভাগ ওয়ারী আলোচনাঃ

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় অবহিত করেন যে, এডিপির ১ম ও ২য় কিস্তির অর্থ বরাদ্দের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শান্তিগঞ্জ উপজেলায় নির্বাচনী মালামাল পরিবহন ও ভোটগ্রহণ কর্মকর্তাগণের যাতায়াতের সুবিধার জন্য জরুরী ভিত্তিতে ৩টি প্যাকেজের মাধ্যমে (পি আইসি) কাজ চলমান রয়েছে (সংযুক্ত)। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য জোর তাগিদ প্রদান করেন। | ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্পের কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করতে হবে। নির্বাচনী মালামাল পরিবহন ও ভোটগ্রহণ কর্মকর্তাগণের যাতায়াতের সুবিধার্থে রাস্তাঘাট মেরামত কাজ সম্পন্নপূর্বক বিল দাখিল করতে হবে। | উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,শান্তিগঞ্জ জানান যে, লোডসেডিং এর কারণে ল্যাবে সংরক্ষিত ঔষধের কার্যকারিতা নষ্ট হতে পারে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ একটি আইপিএস জরুরী। স্বাস্থ্য কমপ্লেক্সে এক্সরে মেশিন পাওয়া গেছে। আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে একজন রেডিওগ্রাফার নিয়োগ প্রয়োজন। উল্লেখিত বিষয়ে উপজেলা পরিষদকে সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করেন। তাছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য সেবার মান বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইপিএস, রেডিওগ্রাফার এর বিষয়ে নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শান্তিগঞ্জ।<br>(খ) উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |
| ৩। | উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৪। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা ,শান্তিগঞ্জ সভায় জানান যে, চলতি বোরো মৌসুমে এ পর্যন্ত হাওরে ১৮৩৮১ হেক্টর নন হাওরে ৩৯৬০ হেক্টরসহ মোট ২২৩৪১ হেক্টর জমিতে বোরো ধান রোপন সম্পন্ন হয়েছে। বোরো মৌসুমে কৃষকদের কোথাও পানি সেচের সমস্যা পরলক্ষিত হলে উপজেলা সেচ কমিটির মাধ্যমে তা সমাধানের চেষ্টা করা হয়ে থাকে। কৃষকদের নির্বিঘ্নে সার প্রাপ্তি নিশ্চিতকরণে মনিটরিং অব্যাহত রয়েছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বোরো মৌসূমে সেচ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য বিএডিসির প্রতিনিধিকে মাসিক সভায় উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | বোরো ফসল কৃষকের ঘরে তোলার লক্ষ্যে সেচ, সার ও অন্যান্য কার্যক্রমে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা , শান্তিগঞ্জ। |
| ৫। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নলকূপ স্থাপনের কার্যক্রম চলমান। যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ও ওয়াশব্লক ও টিউবওয়েলের কাজ চলছে তন্মেধ্যে নির্বাচন কেন্দ্রের স্কুলগুলোকে জরুরী ভিত্তিতে সম্পন্ন করা হয়েছে। | কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,শান্তিগঞ্জ। |
| ৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা,শান্তিগঞ্জ সভায় জানান যে, হাওর অঞ্চলে মৎস্য ও প্রাণিসম্পদ রক্ষার্থে বালাইনাশকের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য সমন্বিত কাজের জন্য কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ অফিসের মাধ্যমে একটি যৌথ কমিটি গঠনের মাধ্যমে সভা, উঠান বৈঠক ও প্রশিক্ষণের কৃষক/উপকারভোগীদের সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে। বিশেষ করে রবি/বোরো মৌসুমে সচেতনতা বৃদ্ধির জন্য মনিটরিং জোরদার করা যেতে পারে। সভায় উপজেলা নির্বাহী | হাওর অঞ্চলে মৎস্য ও প্রাণিসম্পদ রক্ষার্থে বালাইনাশকের ব্যবহার নিয়ন্ত্রণের জন্য সমন্বিত কাজের জন্য কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ অফিসের মাধ্যমে একটি যৌথ কমিটি গঠনের মাধ্যমে সভা, উঠান বৈঠক ও | উপজেলা মৎস্য কর্মকর্তা, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অফিসার জানান যে, চলতি নদীর মাঝে বাধা/জাল দিয়ে বাধা সৃষ্টি করে মাছ শিকার করা বন্ধ করতে হবে। শুকনো মৌসুমে হাওরে ও বিলে পানি শুকিয়ে মাছ ধরা নিয়ে জটিলতা সৃষ্টি হয়। এ বিষয়ে আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সচেষ্ট থাকার অনুরোধ করেন। | প্রশিক্ষণের মাধ্যমে কৃষক/উপকারভোগীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে। অবৈধ বিষ প্রয়োগ করে মাছের ডিম ও প্রজনন ক্ষমতা বিনষ্ট না করার জন্য সচেষ্ট থাকতে হবে। | |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, বিগত মাসে খাবার বড়ি ৪৯, কনডম ১৩, ইনজেকশন ৬০, আইইউডি ০১, ইমপ্লান্ট ১০ মা ও শিশু স্বাস্থ্য সেবা গর্ভবতী পরিচর্যা ২৮৭, প্রসব সেবা ৩৩, প্রসব পরবর্তী পরিচর্যা ৮৯, শিশু (০-৫৯ মাস) ১১৫ সেবাসমূহ প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য সেবা চলমান । | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ১ম পর্যায়ের টি আর ও কাবিখা এবং কাবিটা প্রকল্পের কাজ প্রায় ৯০% সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ের প্রকল্প তালিকা পাওয়া গেছে। যাচাই-বাছাই কার্যক্রম চলমান। প্রকল্প পরিদর্শন করে পোস্ট ওয়ার্ক গ্রহণ করে চূড়ান্ত বিল পরিশোধ করা হবে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রকল্প গ্রহণে সতর্কতা অবলম্বন করতে হবে। প্রকল্পের নির্ধারিত স্থান স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। | নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান ৯৭টি প্রাইমারি স্কুলে নতুন বই পেয়েছে। সরকারি বই বাহিরে বিক্রির বিষয়টি নজরদারি করার জন্য অনুরোধ জানানো হয়। আসন্ন রমজান মাসে প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকার সম্ভাবনা রয়েছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত সিসি ক্যামেরা গুলো যথাযথ সংরক্ষণ করতে হবে। কোনো ক্যামেরা সংরক্ষণের অভাবে যদি চুরি/বিনষ্ট হয় তাহলে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দায়ী থাকবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। তাছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত সিসি ক্যামেরা গুলো যথাযথ সংরক্ষণ করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, শান্তিগঞ্জ। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শান্তিগঞ্জ জানান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে ২০২৬ সনের পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ সুষ্ঠভাবে উদযাপন করা হয়েছে। ৫৪ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে। | সরকারি নির্দেশনামতে সকল কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা, শান্তিগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান যে, ঋণ আদায় অগ্রগতি পূর্বের মাসের চেয়ে ভালো। বিতরণকৃত ঋণ ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) বিগত মাস পর্যন্ত আদায় ৬৩,২৪,০০০/- হালে আদায় ১,৭৬,০০০/- মোট আদায় ৬৫,০০,০০০/- এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রতি মাসে মাসিক সভায় ঋণ আদায়ের হার লিখিতভাবে উপস্থাপন করতে হবে। অত্রাফিসে অফিসারের কক্ষে কোনো ওয়াশরুম না থাকায় জরুরী ভিত্তিতে একটি ওয়াশরুম স্থাপনের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ করেন। | ঋণ আদায়সহ সমিতির যাবতীয় কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। ওয়াশরুম স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা, শান্তিগঞ্জ।<br>২. উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ। |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান সবধরণের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বিভিন্ন উপকারভোগীদের স্বস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধকৃত সিম থাকা সাপেক্ষে ভাতা প্রদানের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র কার্যালয় হতে ভাতা প্রাপ্ত উপকারভোগীদের নিজস্ব এন আইডি দিয়ে নিবন্ধনকৃত সিম থাকা আবশ্যক। অন্যথায় তারা ভাতা প্রাপ্তির সুবিধা থেকে বঞ্চিত হতে পারে। সরকারি নির্দেশনামতে প্রতিবন্ধী ভাতা প্রাপ্ত সকল ভাতাভোগীদের জন্য অনলাইন ডি আই এস নিবন্ধন সম্পন্ন করা বাধ্যতামূলক করা হয়েছে। অনলাইনে ডি আই এস সম্পন্ন না থাকলে ভাতা কার্যক্রম পরিচালনায় জঠিলতা সৃষ্টি হতে পারে। | উপজেলার সকল ইউপি চেয়ারম্যানগণের আওতাধীন অত্র কার্যালয় হতে ভাতা প্রাপ্ত যে সকল উপকারভোগী মোবাইল নাম্বার সঠিক নয়, তাদেরকে বিষয়টি অবহিত করণ ও সঠিক মোবাইল নাম্বার প্রেরণ করতে হবে। যে সকল প্রতিবন্ধী ভাতাভোগী অদ্যাবধি অনলাইন ডি আই এস নিবন্ধন সম্পন্ন করেননি তাদের নিবন্ধন সম্পন্ন করতে হবে। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা।<br>২. ইউপি চেয়ারম্যান (সকল), শান্তিগঞ্জ |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ সভায় জানান যে, মজুদ স্বাভাবিক। আতপ চাউল ১০৫১.৫৪০ মে.টন, সিদ্ধ চাউল ৩১৪.০৭০ মে.টন, ২০২৫-২০২৬ অর্থ বছরে আমন সংগ্রহ সমাপ্ত হয়েছে এবং সমুদয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তন্মেধ্যে আতপ চাউল সংগ্রহ ২৩১৬.৬৪০ মে.টন, সিদ্ধ চাউল সংগ্রহ ৩৫২.৫০০ মে.টন, ২২/১/২০২৬ হতে ২ জন ডিলারের মাধ্যমে ওএমএস কার্যক্রম শুরু হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ভোক্তা পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | ভোক্তা পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে এবং কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে। | খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ। |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর ন্যাশনাল একাউন্টস উয়িং কর্তৃক বাস্তবায়নাধীন QGDP এবং জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদন(DGGP) উন্নয়ন প্রকল্প এর আওতায় দেশব্যাপী অন্যান্য উপজেলার ন্যায় শান্তিগঞ্জ উপজেলায় ২৬ জানুয়ারি ২০২৬ হতে ৯ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ১৫ দিনের জরিপ টেমপ্লেট এর মাধ্যমে তথ্যসংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর ন্যাশনাল একাউন্টস উয়িং কর্তৃক বাস্তবায়নাধীন QGDP এবং জেলাভিত্তিক মোট দেশজ উৎপাদন(DGGP) উন্নয়ন প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শান্তিগঞ্জ |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, নির্বাচনে জনবল বাছাই কার্যক্রম চলমান। প্রয়োজনীয় আনসার সদস্যদের অতিরিক্ত ১০% জনবল রিজার্ভ রাখার জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | কার্যক্রম ও প্রশিক্ষণে আরো গতিশীলতা আনতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, শান্তিগঞ্জ |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান যে, ৪০ জনকে প্রাথমিক সদস্য করা হয়েছে। ৩ দিন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করা হবে। খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত নোটিশ প্রেরণ করা হয়েছে। বীরমুক্তিযোদ্ধাদের খেলাপী ঋণ আদায়ের জন্য তাগিদ দেওয়া হয়েছে। | খেলাপী ঋণ আদায়ের কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা আগামী মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শান্তিগঞ্জ জানান। তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে উপজেলা পরিষদকে অবহিত করেন। | কার্যক্রমে আরও গতিশীলতা আনতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শান্তিগঞ্জ সভায় জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে ৭ ব্যাচে ৩০ জন করে ২১০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান। ১৫ জনকে ১০,৭০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রমে স্থানীয় ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ সভায় জানান যে, সাধারণ প্রান্তিক জনগোষ্ঠীকে ১০,০০০-২,৫০,০০০ পর্যন্ত ঋণ মঞ্জুর করা হয়। অত্র উপজেলায় ২২০টি সমিতি রয়েছে। ঋণ আদায়ের হার ৪২% এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২১ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | সহকারী প্রকল্প পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন,শান্তিগঞ্জ সভায় জানান যে, অত্র বিভাগের কার্যক্রম সম্পর্কে প্রচার প্রচারণা চলমান রয়েছে। শান্তিগঞ্জ উপজেলায় এই অফিসের কার্যক্রম সেপ্টেম্বর/২০২৫ মাস থেকে শুরু হয়। প্রাথমিকভাবে জরিপের মাধ্যমে তালিকা সংগ্রহ করছি। এলাকা জরিপ শেষ হলে সংহতি দল গঠন করে গ্রাম ভিত্তিক ০৫ জন সদস্য নিয়ে দল করে এরকমভাবে ৩/৫ টি দল সংগঠিত করে সমিতির মাধ্যমে অসহায় দরিদ্র মহিলাদের আর্থিক ও সামাজিক উন্নয়নে সুবিধাদি তদারকি করা হবে। | কার্যক্রমে গতিশীলতা আনতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা,শান্তিগঞ্জ। |
| ২২ | বিবিধ | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ জানান যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শান্তিগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্যকে সর্বাত্মক সহযোগিতা করার আহবান জানান। সরকারি নির্দেশনামতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের প্রচারণা ও অবহিতকরণ কার্যক্রম গ্রহণের জন্য উপস্থিত সকল সদস্যবৃন্দকে অনুরোধ করেন। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়নমূলক কাজ চলছে। উন্নয়নমূলক কাজের মাধ্যে নির্বাচন সংশ্লিষ্ট যে সকল ভোট কেন্দ্র রয়েছে সে সকল ভোট কেন্দ্রের মেরামত/সংস্কার/পয়ঃনিষ্কাশন ব্যবস্থা জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। | (ক) আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শান্তিগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্যকে সর্বাত্মক সহযোগিতা করতে হবে। | (ক) সংশ্লিষ্ট সকল। |
| | | (খ) চেয়ারম্যান, পশ্চিম বীরগাও সভায় জানান যে, ডুংরিয়া হতে বড়মোহা ফরিদের বাড়ি হতে ২০০-৩০০ ফুট কাচা রাস্তা করা জরুরী। এ বিষয়ে উপজেলা উপজেলা প্রকৌশলী, শান্তিগঞ্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। জনস্বাস্থ্য অফিস ও বিশ্বব্যাংকের সহযোগিতায় ওয়াশ ব্লকের কাজের মান নিম্নমানের এ বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তদারকি করার জন্য অনুরোধ করেন। | (খ) ডুংরিয়া হতে বড়মোহা ফরিদের বাড়ি হতে ২০০-৩০০ ফুট কাচা রাস্তা উন্নয়নের বিষয়ে সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (খ) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান । |
| | | (গ) চেয়ারম্যান, দরগাপাশা জানান যে, সিচনী হতে দরগাপাশা- ভমভমি-বাংলাবাজার রাস্তা মেরামত করা জরুরী। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, জানান যে, এই রাস্তাটি ইতিমধ্যে ডিপিপির অন্তর্ভূক্ত করা হয়েছে অনুমোদিত হলে কাজ শুরু হবে। | (গ) সিচনী হতে দরগাপাশা- ভমভমি-বাংলাবাজার রাস্তা অনুমোদিত হলে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (গ) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | (ঘ) চেয়ারম্যান, পশ্চিম পাগলা জানান যে, ইনাতনগর এফ আইভিডিবি ভোট কেন্দ্রের যাতায়াতের রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উথারিয়া | (ঘ) ইনাতনগর এফ আইভিডিবি ভোট কেন্দ্রের যাতায়াতের রাস্তাটি | (ঘ) উপজেলা মৎস্য অফিসার , প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | এবং মহাসিং নদীতে এক শ্রেণির প্রভাবশালী ব্যক্তিগণ নিজ স্বার্থে কচুরীপানা দিয়ে নদীতে বাধা সৃষ্টি করে রেখেছেন ফলে নদীর গতিপথ বন্ধ হয়ে গেছে। কৃষকগণ তাদের কৃষিকাজের সংশ্লিষ্ট কৃষিপণ্য চলাচলে বাধা সৃষ্টি হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা মৎস্য অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>(ঙ) চেয়ারম্যান, জয়কলস জানান যে, ২ নং জামলাবাজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নদীতে অবৈধভাবে বাধাদানকারীদের বিরুদ্ধে সরেজমিন তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ<br><br>(ঙ)জামলাবাজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাস্তাটি জরুরী ভিত্তিতে সরেজমিন তদন্তক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান।<br><br>(ঙ) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০১.২০২৬

(মোহাম্মদ শাহজাহান )
প্রশাসক
উপজেলা পরিষদ
শান্তিগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারকনং-০৫.৪৬.৯০১১.০০০.১১.০৩৬.২৫- ২২৫
তারিখ: ২৭/১/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় সংসদ সদস্য, ২২৬ সুনামগঞ্জ- ৩
২.সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪.পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬. উপজেলা ...................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
৭. জনাব.......................................................................................................... কর্মকর্তা, শান্তিগঞ্জ।
৮. সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, শান্তিগঞ্জ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (তাঁকে কার্যবিবরণীর কপিটি সংশ্লিষ্ট ওয়য়েবপোর্টাল/ফেইসবুক পেইজে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯. চেয়ারম্যান ....................................................ইউনিয়ন পরিষদ (সকল), শান্তিগঞ্জ।
১০.জনাব/জনাবা......................................................................................

২৭.০১.২০২৬

(মোহাম্মদ শাহজাহান )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,শান্তিগঞ্জ

# শান্তিগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ

(তারিখ ঃ ২৭/০৭/২০২৫খ্রিঃ)

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সময় ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | | | | |
| ০৩ | | | | |
| ০৪ | | | | |
| ০৫ | ডাঃ মোঃ ইকবাল হোসেন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পঃ কর্মকর্তা | 01737373182 | |
| ০৬ | | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | | |
| ০৭ | মোঃ আহসান হাবিব | উপজেলা কৃষি কর্মকর্তা | 01700716114 | |
| ০৮ | মোঃ এনামুল হাসান | উপজেলা মৎস্য কর্মকর্তা | 01609929634 | |
| ০৯ | মোঃ সাজেদুল আলম | উপজেলা প্রকৌশলী এলজিইডি | 01716318108 | |
| ১০ | মাসুমা ফিরোজা | উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01776020688 | |
| ১১ | মোঃ শাহিদ হাসান | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01771059305 | |
| ১২ | তাহলিমা আক্তার মিতা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01755546576 | |
| ১৩ | মোহাম্মদ রুহুল হাসান | উপজেলা সমবায় কর্মকর্তা | ০১৭২২৭৬৯৫৮৫ | Hassan |
| ১৪ | মোঃ সাইদুর রহমান SAE | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01717468171 | |
| ১৫ | মোঃ কামাল উদ্দিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01716009617 | |
| ১৬ | সন্দীপ বিশ্বাস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01758132839 | |
| ১৭ | জেসমুল হক অফিস সহকারী | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01704674786 | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সৌব্রত দাস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | 01675661922 | [illegible] |
| ১৯ | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ২০ | মোঃ আতিউর রহমান | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01821-971843 | [illegible] |
| ২১ | মৃত্যুঞ্জয় ঘোষ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | 01777-716194 | [illegible] |
| ২২ | [illegible] | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01670591751 | [illegible] |
| ২৩ | | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা | | |
| ২৪ | পীযূষ কান্তি দাস | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শান্তিগঞ্জ | 01958529900 | [illegible] |
| ২৫ | | এজিএম, পল্লী বিদ্যুৎ, শান্তিগঞ্জ। | | |
| ২৬ | [illegible] | চেয়ারম্যান,জয়কলস ইউনিয়ন পরিষদ | 01788670040 | [illegible] |
| ২৭ | | চেয়ারম্যান, দরগাপাশা ইউনিয়ন পরিষদ | | |
| ২৮ | | চেয়ারম্যান, পশ্চিম বীরগাঁও ইউনিয়ন পরিষদ | | |
| ২৯ | | চেয়ারম্যান, পশ্চিম পাগলা ইউনিয়ন পরিষদ | | |
| ৩০ | | চেয়াম্যান পূর্ব পাগলা ইউনিয়ন পরিষদ | | |
| ৩১ | | চেয়ারম্যান, শিমুলবাঁক ইউনিয়ন পরিষদ | | |
| ৩২ | | চেয়ারম্যান, পাথারিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ৩৩ | | চেয়াম্যান, পূর্ব বীরগাঁও ইউনিয়ন পরিষদ | | |
| ৩৪ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |
| ৩৫ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |
| ৩৬ | | সংরক্ষিত ওয়ার্ডের মহিলা সদস্য | | |

রবীন্দ্র চন্দ্র সরকার — পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) — 01727772147 — [illegible] 29/1/24

সোহেল আহমেদ — [illegible] — 01712294431 — [illegible]